

প্রেস রিলিজ
২৫ মে ২০২৫

শিক্ষার গুণগতমান ধরে রাখতে হলে অনলাইন পরীক্ষা পদ্ধতি থেকে বেরিয়ে আসতে হবে-
বাউবি উপাচার্য



“শিক্ষার্থীদের মানসিকভাবে উদ্দীপ্ত করার পাশাপাশি কর্মক্ষেত্রেও যেন তারা নিজেদের দক্ষতার পরিচয় দিতে পারে সেদিকেও আমাদের নজর রাখা উচিত। শিক্ষার মানের দিক থেকে আমরা কখনোই আপোষ করতে রাজি নই। শিক্ষা প্রতিষ্ঠান মানেরই সনদ প্রদানের কারখানা এমনটা ভাবার অবকাশ নেই। শুধু তাই নয়, শিক্ষার গুণগত মান ধরে রাখতে অনলাইন পরীক্ষা পদ্ধতি থেকে বেরিয়ে আসতে হবে বলে জানালেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। বাউবি পরিচালিত বহিঃবাংলাদেশ (নিশ-২) প্রোগ্রামের শিক্ষা কার্যক্রম আরও যুগোপযোগী ও কার্যকর করতে ২৫ মে ২০২৫ রবিবার বাংলাদেশ সময় দুপুর আড়াইটায় গাজীপুরস্থ বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে উপাচার্যের দপ্তরের কনফারেন্স রুমে দোহা-কাতারের রাষ্ট্রদূতের সাথে প্রথম সভায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিশ্বমানের শিক্ষাক্রম সাজাতে বিস্তর পরিকল্পনার সময় এসেছে এখন। আমাদের সামনের দিকে এগিয়ে যেতে আজকের দ্বি-পাক্ষিক আলোচনা ফলপ্রসূ হবে বলেও আশাবাদ ব্যক্ত করেন অধ্যাপক ড. ওবায়দুল ইসলাম।

সভায় প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত ছিলেন কাতারে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ নজরুল ইসলাম। তিনি বলেন, রেমিটেন্স যোদ্ধাদের দক্ষ জনবল হিসেবে গড়তে কাতারে নিশ-২ প্রোগ্রামটি যথেষ্ট অবদান রাখছে। এটি আরো জনপ্রিয় করতে হলে ভর্তি প্রক্রিয়া সহজীকরণ ও ব্যাংকিং সেবাকে সময়োপযোগী এবং জনবল বাড়ানোর পরামর্শ দেন তিনি। সভায় অনলাইনে যুক্ত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন। আরো ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাইদ ফেরদৌস পিএইচডি এবং ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম, এসএসএইচএল এর ডিন অধ্যাপক তানভীর আহসান, পরীক্ষা নিয়ন্ত্রক মো. হাবিবুল্যাহ মাহামুদ। অনলাইনে যুক্ত ছিলেন হেড অব চ্যান্সেলরি মো. নাসির উদ্দিন। বাউবির ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইংয়ের যুগ্ম পরিচালক সঙ্গীতা মোরশেদের সঞ্চালনায় ধন্যবাদ জ্ঞাপন করেন ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. শিরিন সুলতানা। এ সময়, অধ্যাপক তানভীর আহসান এই প্রোগ্রামটি এগিয়ে নিতে নানা প্রতিবন্ধকতা ও বর্তমান প্রেক্ষাপট সভায় তুলে ধরেন।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইলঃ ০১৭১১২০৭৬৯৮